

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

প্রধান মন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা

১. প্রকল্পটির বিশেষত্ব কী ?

প্রকল্পটি এক বছরের জীবন বীমা সুরক্ষার জন্য লাগু থাকিবে এবং এই সুরক্ষা যে কোন কারণে মৃত্যুর জন্য প্রযোজ্য।

প্রতি বছর প্রকল্পটি পুনর্নবীকরণ করা যাইবে।

২. প্রকল্পটিতে কী কী সুবিধা পাওয়া যাইবে এবং প্রিমিয়াম কত ?

বীমাকারীর যে কোন কারণে মৃত্যুর জন্য টা: ২,০০,০০০/- (টা: দুই লক্ষ মাত্র) প্রদান করা হইবে।
প্রত্যেক বীমাকারীর জন্য প্রিমিয়ামের পরিমাণ বছরে টা: ৩৩০/- ।

৩. কী ভাবে প্রিমিয়াম প্রদান করা যাবে ?

নথিভুক্তকরণের জন্য বীমাকারীর এককালীন ঘোষণা পত্রের সাপেক্ষে তাহার সেভিংস এ্যাকাউন্ট হইতে প্রতি বছর এক লক্ষে প্রিমিয়াম কেটে নেওয়া হইবে।

৪. প্রকল্পটির সুবিধা প্রদান এবং পরিচালনা করিবার দায়িত্ব কার ?

ভারতীয় জীবন বীমা নিগম (Life Insurance Corporation of India) অথবা অন্যান্য জীবন বীমা প্রতিষ্ঠান এবং অংশগ্রহনকারী ব্যাঙ্ক যুক্তভাবে প্রকল্পটি পরিচালনা করবে।

৫. প্রকল্পটিতে কে কে অংশগ্রহন করতে পারবে ?

ব্যাঙ্ক সেভিংস এ্যাকাউন্ট আছে এমন যে কোন ব্যক্তি, যাহার বয়স ১৮ হইতে ৫০ বছরের মধ্যে, এই প্রকল্পে অংশগ্রহন করতে পারবে।

৬. নথিভুক্তকরণের সময়সীমা ও পদ্ধতি কী ?

প্রাথমিক ভাবে শুরুতে প্রকল্পটি ১লা জুন ২০১৫ হইতে ৩১ শে মে ২০১৬ -এই সময়ের জন্য বলবৎ থাকিবে এবং বীমাকারীকে ৩১ শে ২০১৫-এর মধ্যে অটো-ডেবিট ঘোষণা পত্রের মাধ্যমে নিজ ব্যাঙ্ক নাম নথিভুক্ত করিতে হইবে।

প্রতি বছর বীমা পুনর্নবীকরণের জন্য উৎসুক ব্যক্তিগণকে অটো-ডেবিট ঘোষণা পত্রে এই মর্মে অনুমতি প্রদান করিতে হইবে।

৭. প্রাথমিক বছরে প্রকল্পটিতে যোগদানে ব্যর্থ ব্যক্তিবিশেষ কী পরবর্তী বছরে যোগ দিতে পারিবে ?

হ্যাঁ, ভাল স্বাস্থ্যের অধিকারী এই মর্মে স্বঘোষিত পত্র এবং প্রিমিয়াম প্রদান করিয়া পরবর্তী বছরে যোগ দিতে পারিবে।

৮. বীমা মাষ্টার পলিসি কার নামে থাকিবে ?

বীমা মাষ্টার পলিসি অংশগ্রহনকারী ব্যাঙ্কের নামে থাকিবে।

একটি সহজ এবং গ্রাহকবান্ধব প্রশাসন ও দাবি নিষ্পত্তির প্রক্রিয়া, বীমা প্রতিষ্ঠান এবং অংশগ্রহনকারী ব্যাঙ্কের আলোচনার মাধ্যমে চূড়ান্ত হইবে।

৯. কখন জীবন বীমাকৃত সদস্যের জীবন বীমা কভারেজ বিনষ্ট হইতে পারে ?

ক) বীমাকারী ৫৫ বছর বয়সে উপনীত হইলে।

খ) বীমাকারীর সেভিংস এ্যাকাউন্ট বন্ধ হয়ে গেলে অথবা ঐ এ্যাকাউন্টে প্রিমিয়াম প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থ না থাকিলে।

গ) কোন বীমাকারীর একাধিক এ্যাকাউন্ট থাকিলে এবং ভুলক্রমে বীমা প্রতিষ্ঠানের নিকট একাধিক প্রিমিয়াম জমা হলেও জীবন বীমা প্রতিষ্ঠান কড়ক প্রদেয় অর্থ টা: ২,০০,০০০/- (টা: দুই লক্ষ মাত্র)-তে সীমাবদ্ধ থাকিবে এবং জমা অধিক প্রিমিয়াম অর্থ বাজেয়াপ্ত হইবে।